# জেলাশাসক ও জেলা সমাহর্তা করণ

## জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ, উত্তর ২৪ পরগণা

হেষ্টিংস হাউস কমপ্লেক্স, আর বি সি রোড, কোলকাতা-৭০০১২৪
(পুরাতন জেলা পরিকল্পনা বিভাগের দ্বিতলে)
e-mail id- saunorth24pgs@gmail.com

## বিজ্ঞপ্তি

### দেগঙ্গা, বসিরহাট-II, হিঙ্গলগঞ্জ, সন্দেশখালি-I, সন্দেশখালি-II-*এই পাঁচটি ব্লকের* ***গ্রামীন সম্পদ কর্মী*** *পদে নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি*

এতদ্বারা সকলকে জানানো যাচ্ছে যে, উপরিউক্ত পাঁচটি ব্লকে **গ্রামীন সম্পদ কর্মী** পদে নিয়োগের জন্য ইচ্ছুক ও যোগ্য ব্যাক্তিদের থেকে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে।

- **মোট শূন্যপদের সংখ্যা - ৪৭০**

| ব্লকের নাম | গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | মোট শূন্যপদের সংখ্যা ( প্রত্যেক গ্রাম পঞ্চায়েতে সর্বাধিক ১০ জন হিসাবে) |
|---|---|---|
| দেগঙ্গা | তেরোটি (১৩) | ১৩০ |
| বসিরহাট-II | নয়টি (০৯) | ৯০ |
| হিঙ্গলগঞ্জ | নয়টি (০৯) | ৯০ |
| সন্দেশখালি-I | আটটি (০৮) | ৮০ |
| সন্দেশখালি-II | আটটি (০৮) | ৮০ |

- **কাজের দিনসংখ্যা ও সময়সীমা -**

১) আসন্ন সামাজিক নিরীক্ষার কাজে ২০১৬-২০১৭ আর্থিক বছরে সর্বাধিক ১৫ দিনের কাজ দেওয়া হবে। সামাজিক নিরীক্ষার কাজ ডিসেম্বর, ২০১৬ থেকে জানুয়ারী, ২০১৭ এই সময়ের মধ্যে হবে এবং এই সময়ের মধ্যে নির্বাচিত গ্রামীন সম্পদ কর্মীদের কোন ছুটি নেওয়া চলবে না।

২) উক্ত নিয়োগ কোন স্থায়ী বা অস্থায়ী চাকুরির নিশ্চয়তা দেয় না। এই পদের জন্য কোন নির্দিষ্ট পারিশ্রমিক নেই। পারিশ্রমিক কাজের দিনসংখ্যার সঙ্গে সম্পর্কযুক্ত। বর্তমানে দিন প্রতি একজন দক্ষ শ্রমিকের (এম.জি.এন.আর.ই.জি.এস অনুযায়ী) পারিশ্রমিক দেওয়া হবে।

- **যোগ্যতা -**

১) প্রার্থীকে অবশ্যই ন্যূনতম ১৮ বছর বা তদূর্দ্ধ যুবক/যুবতী হতে হবে এবং প্রতিবেদন লেখার যোগ্যতা থাকতে হবে। প্রার্থীকে প্রানোচ্ছল ও কর্মক্ষম হতে হবে।

২) প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক/সমতুল পাশ হতে হবে।

৩) আবেদনকারী অথবা তার পরিবারের কোন সদস্যের অবশ্যই এম.জি.এন.আর.ই.জি.এস প্রকল্পে (১০০ দিনের কাজ) জব কার্ড থাকবে এবং ঐ প্রকল্পে কাজ করে থাকতে হবে।

৪) উপরোক্ত পাঁচটি ব্লকের অর্ন্তগত গ্রাম পঞ্চায়েতের বাসিন্দা ছাড়া অন্য কেউ আবেদনের যোগ্য নয়।

৫) প্রার্থী অবশ্যই কোন নির্বাচিত জনপ্রতিনিধি বা সরকারী কর্মচারী হবেন না বা গ্রামপঞ্চায়েত অফিসের কাজের সাথে সম্পর্কযুক্ত হওয়া চলবে না।

৬) একজন প্রার্থী কেবলমাত্র তার ব্লকের নিজস্ব গ্রামপঞ্চায়েতের জন্য আবেদন করতে পারবেন।

- <u>প্রাধান্য -</u>

১) স্ব-নির্ভর (S.H.G.) দলের সদস্যাদের প্রাধান্য দেওয়া হবে।
২) এম.জি.এন.আর.ই.জি.এস এর সামাজিক নিরীক্ষার কাজের পূর্ব অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেওয়া হবে।

*আবেদনপত্রের সাথে যা জমা দিতে হবে -*

১) স্থায়ী বাসিন্দার প্রমান স্বরূপ ভোটার কার্ড/আধার কার্ড/রেশন কার্ডের স্ব-প্রত্যয়িত নকল।
২) শিক্ষাগত যোগ্যতার স্ব-প্রত্যয়িত নকল।(মাধ্যমিকের মার্কশিট)
৩) বয়সের প্রমানপত্রের স্ব-প্রত্যয়িত নকল। (মাধ্যমিকের অ্যাডমিট কার্ড)
৪) আবেদনকারী অথবা তার পরিবারের এম.জি.এন.আর.ই.জি.এস প্রকল্পের (১০০ দিনের কাজ) জব কার্ডের স্ব-প্রত্যয়িত নকল।
৫) স্ব-সহায়ক দলের দলনেত্রী দ্বারা শংসাপত্র।(সংযোজনী- ১)
৬) রঙিন পাসপোর্ট ছবি (দুই কপি), একটি ফর্মের সাথে নির্দিষ্ট স্থানে এবং অপরটি খামের সাথে দিতে হবে।
৭) প্রার্থীর স্থায়ী ঠিকানা লেখা একটি খাম ।

- **মুলখামের উপরে নিজের সম্পূ্ন ঠিকানাসহ নিজের গ্রামপঞ্চায়েতের নাম ও ব্লকের নাম লিখে দেবেন।**

*আবেদনপত্র জমা দেওয়ার ঠিকানা:-*

ইচ্ছুক ও যোগ্য প্রার্থীরা বিজ্ঞপ্তিতে প্রদত্ত আবেদনপত্র পূরণ করে অন্যান্য সংযোজনী সমেত মুখবদ্ধ খামে আবেদনপত্র ভরে নিম্নলিখিত অফিসে রাখা **ড্রপ বক্সে** জমা দেবেন অথবা **ডাক মারফত** নিম্নলিখিত ঠিকানায় প্রেরণ করবেন। উভয় ক্ষেত্রেই আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ - **১৯/০৯/২০১৬ বিকাল ৪টে পর্যন্ত** (শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন ব্যতীত)। **ডাক বিভাগের বিলম্বের জন্য বা অন্য কোন কারনে উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র পৌছালে তা কোনভাবেই গৃহীত হবে না এবং এজন্য জেলা সামাজিক নিরীক্ষা বিভাগ কোনভাবেই দায়বদ্ধ থাকবে না ।**

THE DISTRICT NODAL OFFICER,
SOCIAL AUDIT UNIT,
NORTH 24 PARGANAS,
R.B.C. ROAD, BARASAT, KOLKATA-700124
HASTING HOUSE COMPLEX,
BESIDE DISTRICT MGNREGA CELL.

*আবেদনপত্র জমা দেওয়ার তারিখ ও সময়-*

০৫/০৯/২০১৬ তারিখ হইতে ১৯/০৯/২০১৬ তারিখ পর্যন্ত যে কোন কর্মদিবসের সকাল ১১টা হইতে বিকাল ৪টে পর্যন্ত (শনিবার, রবিবার ও অন্যান্য ছুটির দিন ব্যতীত) ।

*আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ - ১৯/০৯/২০১৬ তারিখ বিকাল ৪টে পর্যন্ত।*

❖ নির্বাচন পদ্ধতি-

পূর্ণমান- ৫০ নম্বর-

(১) মাধ্যমিক/সমতুল্য- ২৫ নম্বর, মাধ্যমিক/সমতুল্য পরীক্ষার প্রাপ্ত নম্বরকে ২৫ নম্বরের ভিত্তিতে রূপান্তরিত করা হবে, উদাহরণ- মাধ্যমিকের মোট নম্বর ৮০০, প্রার্থীর প্রাপ্ত (ঐচ্ছিক বিষয় ব্যতিত) নম্বর- ৬৫০ হলে তিনি পাবেন (৬৫০X২৫/৮০০=২০.৩১)।
(২) সামাজিক নিরীক্ষার কাজের পূর্ব অভিজ্ঞতা- ১০ নম্বর,
(৩) স্ব-নির্ভর দলের (S.H.G.) সদস্য- ০৫ নম্বর,
(৪) মৌখিক- ১০ নম্বর।

শর্তাবলী-

- নির্বাচকমন্ডলীর সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত আবেদনপত্র মোতাবেক দরখাস্ত কেবলমাত্র গ্রাহ্য হবে।

অতিরিক্ত জেলাশাসক
সামাজিক নিরীক্ষা শাখা, উত্তর ২৪ পরগণা

*বি দ্র* - নির্বাচন পদ্ধতির (১),(২),(৩) নং পয়েন্টের মোট ৪০ নম্বরের মধ্যে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে, প্রত্যেক গ্রাম পঞ্চায়েতের আবেদনকারীদের মধ্যে মেধাতালিকার প্রথম ২০ জনকে মৌখিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে।

# গ্রামীন সম্পদ কর্মী (V.R.P.) পদে নিয়োগ সংক্রান্ত আবেদনপত্র

গ্রাম পঞ্চায়েতের নাম :- ব্লকের নাম :-

| | | | |
|---|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম (বাংলায়) | | (এখানে পাশপোর্ট মাপের একটি স্বপ্রত্যয়িত রঙিন ছবি আটকাতে হবে) |
| ২ | আবেদনকারীর নাম (ইংরাজীতে-বড় হাতের অক্ষরে) | | |
| ৩ | অভিভাবকের নাম | | |
| ৪ | জব কার্ড নম্বর | | |
| ৫ | জন্ম তারিখ (দিন-মাস-বছর) | | |
| ৬ | 01/01/2016 অনুযায়ী বর্তমান বয়স | | |
| ৭ | লিঙ্গ | | |
| ৮ | বর্তমান পেশা | | |
| ৯ | স্যোসাল অডিট ভ্যালেন্টিয়ার এর কাজ করেছেন কিনা? | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | বর্তমান ঠিকানা | | | |
| | গ্রাম- | | পোষ্ট অফিস- | |
| | গ্রাম পঞ্চায়ত- | | থানা- | |
| | ব্লক- | | মহকুমা- | |
| | জেলা - | | পিন- | |
| ১১ | স্থায়ী ঠিকানা :- [ বর্তমান ঠিকানা আর স্থায়ী ঠিকানা একই হলে স্থায়ী ঠিকানা লেখার প্রয়োজন নেই ] | | | |
| | গ্রাম- | | পোষ্ট অফিস- | |
| | গ্রাম পঞ্চায়ত- | | থানা- | |
| | ব্লক- | | মহকুমা- | |
| | জেলা - | | পিন- | |
| ১২ | ফোন নম্বর :- | | | |

| ১৩ | শিক্ষা সংক্রান্ত বিষয় | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্রমিক সংখ্যা | পরীক্ষার নাম | বোর্ডের নাম | উত্তীর্ন হওয়ার বছর | মোট নম্বর | মোট প্রাপ্ত নম্বর (ঐচ্ছিক বিষয় ব্যতিত) | মোট প্রাপ্ত নম্বর শতাংশে |
| ১ | মাধ্যমিক/সমতুল্য | | | | | |

## ঘোষণা

*আমি স্বজ্ঞানে ও বিশ্বাসের সহিত ঘোষণা করছি যে, উপরের সকল তথ্য সত্য ও নির্ভুল, যদি কোন স্তরে বা যে কোন সময়ে আমার দেওয়া কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমানিত হয় তবে আমার আবেদনপত্র ও নিয়োগ বাতিল বলে গ্রাহ্য হতে পারে।*

তারিখ :-

স্থান :-

.............................................................

*আবেদনকারীর স্বাক্ষর*

| আবেদনপত্রের সাথে যে সকল নথিপত্র যুক্ত করতে হবে :- | | |
|---|---|---|
| ১ | স্থায়ী বাসিন্দার প্রমানপত্র (স্ব-প্রত্যয়িত) | |
| ২ | বয়সের প্রমানপত্র (স্ব-প্রত্যয়িত) | |
| ৩ | মাধ্যমিকের মার্কশিট (স্ব-প্রত্যয়িত) | |
| ৪ | জব কার্ড (স্ব-প্রত্যয়িত) | |
| ৫ | স্বনির্ভর দলের দলনেত্রী দ্বারা শংসাপত্র (সংযোজনী ১) | |
| ৬ | এক কপি রঙিন পাসপোর্ট মাপের ছবি | |
| ৭ | একটি নিজ ঠিকানা লেখা খাম | |

সংযোজনী- ১

# স্ব-নির্ভর দলের দলনেতা/দলনেত্রীর দ্বারা শংসাপত্র

(শুধুমাত্র মহিলা স্ব-নির্ভর দলের সদস্যাদের জন্য)

আমি ------------------------------------ নিম্নস্বাক্ষরকারী এই মর্মে ঘোষনা করছি যে, শ্রীমতি ------------------------------------, পিতা/মাতা/স্বামী - --------------------------------, ঠিকানা -------------------------------- ----------------------------------------------------------------, আমার ------------------------------------ দলের সাথে বিগত ---------- বছর ---------- মাস যাবৎ একজন সক্রিয় সদস্যা হিসাবে যুক্ত।

সিলসহ দলনেতা/দলনেত্রীর স্বাক্ষর

---------------------------- দল